# ছাত্র আন্দোলন নতুন পথ দেখিয়েছে, গণতন্ত্র আনতে চাই নির্বাচন: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম: সংগৃহীত ছবি

নির্বাচনের মাধ্যমেই দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা এবং সঠিক পথে অগ্রযাত্রা সম্ভব বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি আশা প্রকাশ করেন, অন্তর্বর্তীকালীন সরকারের অধীনে আগামী ফেব্রুয়ারিতেই ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে।

সোমবার সকালে সিলেটের হযরত শাহজালাল (র.) এর মাজার জিয়ারত শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি।

মির্জা ফখরুল বলেন, “জনগণের ভোটাধিকার ফিরিয়ে আনতে নির্বাচন ছাড়া বিকল্প নেই। নির্বাচনের মাধ্যমেই গণতন্ত্র ফিরে আসবে এবং দেশ সঠিক পথে এগিয়ে যাবে।”

তিনি আরও বলেন, “ছাত্র-জনতার আন্দোলন—বিশেষ করে জুলাইয়ের রক্তাক্ত ছাত্র গণঅভ্যুত্থান—আমাদের সামনে নতুন পথ দেখিয়েছে। এ পথ বাস্তবায়নে আমাদের সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে।”

দেশব্যাপী বিএনপি নেতাকর্মীদের ওপর দমন-পীড়নের অভিযোগ তুলে তিনি বলেন, “আমাদের বিরুদ্ধে ৬০ লাখ নেতাকর্মীর নামে মিথ্যা মামলা দায়ের করা হয়েছে। হাজারো প্রাণহানির ঘটনা ঘটেছে, যা রাষ্ট্রীয় সন্ত্রাসেরই প্রতিচ্ছবি।”

LENS ASIA

এদিন সকালে সিলেট পৌঁছেই বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার আশু সুস্থতা কামনায় আয়োজিত দোয়া মাহফিল ও আলোচনা সভায় অংশ নেন তিনি। সিলেট জেলা ও মহানগর বিএনপির যৌথ আয়োজনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।